ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে সেমি-ফাইনালে দক্ষিণ আফ্রিকা

বিশ্বকাপে দ্বিতীয় দল হিসেবে সেমি-ফাইনাল নিশ্চিত করল দক্ষিণ আফ্রিকা। অপরদিকে এখানেই বিশ্বকাপ মিশন শেষ হলো স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজের।

বৃষ্টিবিঘ্নিত ম্যাচে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে সেমি-ফাইনালে উঠে গেছে দক্ষিণ আফ্রিকা। এন্টিগাতে ওয়েস্ট ইন্ডিজকে তিন উইকেটের ব্যবধানে হারিয়েছে প্রোটিয়ারা। ওয়েস্ট ইন্ডিজ প্রথমে ব্যাট করে ১৩৫ রান সংগ্রহ করে। বৃষ্টির কারণে দক্ষিণ আফ্রিকার লক্ষ্য দাঁড়ায় ১৭ ওভারে ১২৩। পাঁচ বল হাতে রেখে লক্ষ্যে পৌঁছায় তারা।

সুপার এইটের প্রথম দুই ম্যাচ জিতলেও নেট রানরেটে পিছিয়ে থাকায় সেমি-ফাইনাল নিশ্চিত ছিল না প্রোটিয়াদের। বরং হেরে গেলেই বিদায়, এমন সমীকরণ সামনে নিয়ে খেলতে নামে তারা। কিন্তু মার্কো ইয়ানসেন সেটি হতে দেননি। শেষ ওভারে জয়ের জন্য দক্ষিণ আফ্রিকার দরকার ছিল ৫ রান। ওবেদ ম্যাককয়ের প্রথম বলেই ছয় মেরে প্রোটিয়াদের নাটকীয় জয়ের সঙ্গে শেষ চারের টিকিটও এনে দেন এই ডানহাতি বোলিং অলরাউন্ডার।

প্রায় সোয়া এক ঘণ্টা খেলা বন্ধ থাকার পর বৃষ্টি আইনে ১৭ ওভারে দক্ষিণ আফ্রিকার নতুন লক্ষ্য দাঁড়ায় ১২৩ রান। ষষ্ঠ ও অষ্টম ওভারে মার্করাম ও হেনরিখ ক্লাসেনকে ফিরিয়ে ওয়েস্ট ইন্ডিজকে আশা জোগান আলজারি জোসেফ। যদিও মাঝে সপ্তম ওভারে গুড়াকেশ মোতির এক ওভারে ২০ রান নেন ক্লাসেন। ওই ওভারটিই দক্ষিণ আফ্রিকাকে এগিয়ে দেয় অনেকটা।

তবে রোস্টন চেজ আক্রমণে এসে আবার জমিয়ে দেন খেলা। সংগ্রাম করতে থাকা ডেভিড মিলারকে বোল্ড করেন তিনি। পরে চেজ ফিরিয়ে দেন দারুণ খেলতে থাকা স্টাবসকেও । এরপর কেশাভ মহারাজকেও সাজঘরে পাঠান চেজ, তবে ওই ওভারেই শেষ বলে দুর্দান্ত শটে চার মেরে সমীকরণ সহজ করে দেন কাগিসো রাবাদা। এরপর শেষ ওভারের প্রথম বলে ইয়ানসেনের ছক্কায় ম্যাচ প্রোটিয়াদের দখলে চলে যায়। ওয়েস্ট ইন্ডিজের চেজ মাত্র আট রান দিয়ে ৩ উইকেট শিকার করেছেন।

টসে হেরে আগে ব্যাটিংয়ে নেমে তাবরাইজ শামসির ঘূর্ণি জাদুতে বড় সংগ্রহ গড়তে পারেনি ক্যারিবিয়ানরা। ৮ উইকেটে হারিয়ে ১৩৫ রান তোলে তারা। সর্বোচ্চ ৫২ রান করেন রোস্টন চেজ। ৩৫ রান এসেছে ওপেনার কাইল মেয়ার্সের ব্যাট থেকে। প্রোটিয়াদের হয়ে ৩ উইকেট নেন শামসি।

তুরস্ককে হারিয়ে শেষ ষোলোতে পর্তুগাল

নিজদের দ্বিতীয় ম্যাচেই ইউরোর শেষ ষোলো নিশ্চিত করেছে পর্তুগাল। তুরস্ককে ৩-০ গোলের বড় ব্যবধানে হারিয়েছে পর্তুগীজরা। এই জয়ে ২ ম্যাচ থেকে ৬ পয়েন্ট নিয়ে ‘এফ’ গ্রুপের পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান নিয়েছে পর্তুগাল। পাশাপাশি নকআউট পর্বে জায়গা করে নিয়েছে।

ম্যাচের ২১ মিনিটেই গোলের দেখা পায় পর্তুগাল। বার্নার্ডো সিলভা গোল করে দলকে এগিয়ে দেন। এর ৭ মিনিট পর আবারও গোলের দেখা পায় পর্তুগাল। এবার নিজেদের ভুলে জোড়া গোল খেয়ে বসে তুরস্ক। সামেত আকায়দিনের আত্মঘাতী গোলে ২-০ গোলে পিছিয়ে থেকে বিরতিতে যায় তুর্কিরা।

বিরতি থেকে ফিরেই ফের গোলের দেখা পায় পর্তুগাল। ডানদিক দিয়ে আক্রমণে বলে নিয়ে ডি বক্সে ঢুকে পড়েন ক্রিশ্চিয়ানো রোনালদো। তাকে রুখতে এগিয়ে আসেন তুরস্কের গোলরক্ষক। এ সময় বক্সের মধ্যে বামদিকে ছিলেন ব্রুনো। রোনালদো নিজে শট না নিয়ে ব্রুনোকে দেন। ব্রুনো ফাঁকা পোস্টে অনায়াসে বল পাঠান। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ৩-০ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে পর্তুগাল।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৫টার সময় দামুড়হুদা ফুটবল সংগঠকদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পবিত্র ঈদুল আযহা পরবর্তী ফুটবল টুর্নামেন্টের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ ছিলো কানায় কানায় পরিপূর্ণ। অনেক দিন পরে দামুড়হুদা উপজেলার ফুটবল প্রেমীরা খেলার প্রকৃত স্বাদ অনুভব করেন।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনির্বাচিত দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা শ্রমিক লীগের সভাপতি আব্দুল কাদির, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের ক্রীড়া প্রভাষক বশির আহাম্মেদ। এছাড়াও উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, সহরাব হোসেন মধু ওস্তাদ, সাবেক ইউপি সদস্য আবুল হাসেম, ক্রিয়া সংগঠক লুতফর রহমান, ইনামুল হক, জাকির হোসেন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের ম্যানেজার শহিদ আজম সদু সহ বিভিন্ন আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

ফাইনাল খেলায় অংশগ্রহণ করেন দামুড়হুদা একাডেমী বনাম দামুড়হুদা একাদশ। নির্ধারিত সময়ের মধ্যে উভয় দল কোন গোল করতে না পারায় খেলা ট্রাইবেকার পর্যন্ত পৌছায়। ট্রাইবেকারে ঘটে ঐতিহাসিক ইতিহাস। মোট ১১/১১ ট্রাইবেকারে দামুড়হুদা একাদশ ০৯টি গোল করে জয়লাভ করে এবং দামুড়হুদা একাডেমি ০৮টি গোল করে অর্থাৎ ১ গোলে পরাজিত হয়। মনোমুগ্ধকর খেলা উপভোগ করেন উপস্থিত দর্শকবৃন্দ।

খেলায় আমন্ত্রিত উপস্থিত অতিথি বৃন্দ দামুড়হুদা একাডেমী কে চাম্পিয়ান ট্রফি ও দামুড়হুদা একাদশকে রানার্সআপ ট্রফি প্রদান করা

হয়। খেলায় রেফারি দায়িত্ব পালন করেন নিপুন, আলো, ইউসুফ আলী এবং ধারাভাষ্যকারে ছিলেন শওকত হোসেন।

জীবননগর উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

শরীর ও মন সুস্থ রাখতে এবং মানবিক হতে সাংস্কৃতিক ও ক্রীড়া চর্চা করি এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগর উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী ৫ শতাধীক প্রতিযোগিতার মধ্যে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সকাল ৯টার সময় কিশোর কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে এ পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন,জেসিআই সংগঠনের সভাপতি মুনতাসির আজগার আকাশ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল, জীবননগর প্রেস ক্লাবের সাবেক সভাপতি আতিয়ার রহমান , সাংবাদিক এ টি এম মাজেদুল ইসলাম মিল্টন, জীবননগর পৌর কাউন্সিলার খোকন হোসেন, জীবননগর আলোকিত ফুটবল একাডেমির সভাপতি কাজী মামুনুজ্জামান আদুন, জীবননগর শাইন ক্লাবের সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক বুদো, জীবননগর দৌলৎগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আনজুমানআরা,ওয়েভ ফাউন্ডেশনের এরিয়া

ম্যানেজার মোঃ শরিফুল ইসলাম, কিশোর কিশোরী ক্লাবের সদস্য তুহিনুজ্জামান, লাবনী, শামীম প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সমন্বয়কারী পলাশ হোসেন ।

হারলেই আশা শেষ বাংলাদেশের

‘এই প্রত্যাশাটা খুব বেশি করার দরকার নেই, আশাটা মনের মধ্যেই থাকুক সবার’—নাজমুল হোসেন শান্তর কথা শুনে অনেকেই মনে মনে আশা করে রেখেছিলেন, সেরা আটে খেলবে বাংলাদেশ। যখন সেই আশা পূরণ হয়েছে, তখন আরও আশা বাসা বেঁধেছে। সেরা আটে বাংলাদেশ সেই আশার প্রতিদান দিতে কঠিন পরীক্ষায় নেমেছে।

অস্ট্রেলিয়ার বিপক্ষে বড় ব্যবধানে হেরে এবার ভারতের মুখোমুখি হয়েছে টাইগার বাহিনী। আজ রাত সাড়ে ৮টায় স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে রোহিত শর্মাদের মুখোমুখি হবে দলটি। এই ম্যাচে জয় ভিন্ন বাংলাদেশের রাস্তা নেই। হারলে বিদায়ের দ্বারপ্রান্তে পৌঁছে যাবে শান্তর দল। তাতে ভারতকে হারাতে পারলে আশা বেঁচে থাকবে।

অস্ট্রেলিয়ার বিপক্ষে বড় ব্যবধানে হেরে শান্ত বলেছেন, ‘আমরা ভিন্ন কিছু করার চেষ্টা করেছি। নিজের ওপরে দায়িত্ব নেওয়ার চেষ্টা করেছি। আমি সেটি উপভোগ করেছি এবং সেটা করতে ভালোবাসি। এখন পর্যন্ত ঠিক আছে। আশা করি, আরও অবদান রাখতে পারব। এ দিকে টপ অর্ডারের ধারাবাহিক ব্যর্থতার মিছিলের ব্যতিক্রম ঘটিয়ে অজিদের বিপক্ষে কিছুটা রান পেয়েছেন শান্তরা। এই চেষ্টা অব্যাহত রাখতে চান বলে তিনি জানিয়েছেন।

শান্ত বলেছেন, ‘টপ অর্ডারের রান পাওয়াটা খুব গুরুত্বপূর্ণ ছিল। শেষ দুটি ম্যাচে আমরা লড়াই করেছি। বোলিং ইউনিট গত ২-৩ ম্যাচে ভালো কাজ করেছে। তাই আশা করি, বোলাররা তাদের ফর্ম ধরে রাখবে এবং ব্যাটাররাও নিজেদের দায়িত্ব পালন করবেন।’ ভারতের বিপক্ষে আজকের ম্যাচ শেষে বাংলাদেশ আগামী ২৫ জুন খেলবে আফগানিস্তানের

বিপক্ষে।

সূত্র: ইত্তেফাক

ভারতকে হারিয়ে সেমিফাইনালের আশা বাঁচিয়ে রাখতে চায় টাইগাররা

টপ অর্ডার ব্যাটাররা ফর্মে ফেরার পথে থাকায় টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালে খেলার ভাল সুযোগ এখনও আছে বলে মনে করেন বাংলাদেশ অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।

বৃষ্টি আইনে আজ শুক্রবার (২১ জুন) অস্ট্রেলিয়ার কাছে ২৮ রানে হেরে সুপার এইট পর্ব শুরু করে বাংলাদেশ। সুপার এইট পর্বে নিজেদের দ্বিতীয় ম্যাচে অ্যান্টিগার স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে ভারতের বিপক্ষে ঘুড়ে দাঁড়ানোর ব্যাপারে আত্মবিশ্বাসী টাইগাররা। আগামীকাল শনিবার রাত ৮টা ৩০ মিনিটে শুরু হবে ম্যাচটি।

গ্রুপ পর্বে রানের জন্য লড়াই করতে হয়েছে অধিনায়ক শান্তসহ বাংলাদেশের টপ অর্ডার ব্যাটারদের। অস্ট্রেলিয়ার বিপক্ষে হারা ম্যাচে রানের দেখা পেয়েছে তারা। যা ভারতের বিপক্ষে গুরুত্বপূর্ণ ম্যাচের আগে বাড়তি আত্মবিশ্বাস যোগাচ্ছে বাংলাদেশকে।

অস্ট্রেলিয়ার বিপক্ষে তিন নম্বরে নেমে ৩৬ বল খেলে বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ ৪১ রান করেন শান্ত। লিটন দাস ২৫ বলে করেন ১৬ রান। তাওহিদ হৃদয় ২৮ বলে ৪০ রানে ফিরলেও মিডল ও লোয়ার অর্ডার ব্যাটারদের ব্যর্থতায় ৭ উইকেটে ১৪০ রানের বেশি করতে পারেনি বাংলাদেশ।

জবাবে ১১ দশমিক ২ ওভারে ২ উইকেটে ১০০ রান করে ফেলে অস্ট্রেলিয়া। এরপর বৃষ্টিতে আর খেলা না হলে শেষ পর্যন্ত ২৮ রানে হেরে যায় বাংলাদেশ।

ম্যাচ শেষে শান্ত বলেন, ‘উইকেট ভালো ছিল। কিছুটা ধীরগতির ছিলো। কিন্তু আমাদের অন্তত ১৭০ রান করা উচিত ছিল।’

তিনি আরও বলেন, ‘আজকে টপ অর্ডারের রান পাওয়াটা খুবই গুরুত্বপূর্ণ ছিলো। আশা করি বোলাররা, তাদের ফর্ম ধরে রাখবে। ভারতের বিপক্ষে পরের ম্যাচে নিজেদের সেরাটা দিতে মুখিয়ে আছে তারা।’

টি-টোয়েন্টি ফরম্যাটে একে অপরের বিপক্ষে ১৩ ম্যাচ খেলেছে বাংলাদেশ-ভারত। এরমধ্যে মাত্র একটিতে জিতেছে টাইগাররা। টি-টোয়েন্টি বিশ্বকাপে চারবার দেখা হয়েছে দু’দলের। সব ম্যাচই জিতেছে টিম ইন্ডিয়া।

পরিসংখ্যান বাংলাদেশের পক্ষে না থাকলেও ভারতের বিপক্ষে বেশির ভাগ ম্যাচেই আগ্রাসী ও লড়াকু ক্রিকেট খেলেছে টাইগাররা। দু’দল যখনই মুখোমুখি হয়েছে, তারা উত্তেজনাপূর্ণ এবং রোমাঞ্চকর পারফরমেন্স দেখিয়েছে।

আগামীকালের ম্যাচে ভারতকে হারাতে না পারলে সেমিফাইনালের দৌড় থেকে ছিটকে যাবে বাংলাদেশ। অন্যদিকে, বাংলাদেশের বিপক্ষে জিতলে সেমিফাইনালে এক পা দিয়ে রাখবে ভারত। সুপার এইটে নিজেদের প্রথম ম্যাচে আফগানিস্তানকে ৪৭ রানে হারিয়েছে ভারত। অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলে অ্যান্টিগার উইকেট সম্পর্কে ধারণা পেয়েছে বাংলাদেশ। ৪৮ ঘণ্টারও কম সময়ের মধ্যে দ্বিতীয় ম্যাচ খেলতে বার্বাডোজ থেকে অ্যান্টিগা যেতে হবে ভারতকে। ৪৮ ঘণ্টার কম সময়ের মধ্যে নিজেদের দ্বিতীয় ম্যাচ খেলতে নামবে বাংলাদেশ। কিন্তু ভেন্যু পরিবর্তন বা ভ্রমণ করতে হবে না টাইগারদের।

বাংলাদেশ দল : নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), তাসকিন আহমেদ (সহ-অধিনায়ক), লিটন দাস, সৌম্য সরকার, তানজিদ হাসান তামিম, সাকিব আল হাসান, তাওহিদ হৃদয়, মাহমুদুল্লাহ রিয়াদ, জাকের আলি অনিক, তানভির ইসলাম, মাহেদি হাসান, রিশাদ হোসেন, মুস্তাফিজুর রহমান, শরিফুল ইসলাম ও তানজিম হাসান সাকিব।

ভারত দল: রোহিত শর্মা (অধিনায়ক), হার্দিক পান্ডিয়া, যশস্বী জয়সওয়াল, বিরাট কোহলি, সূর্যকুমার যাদব, ঋষভ পান্থ (উইকেটরক্ষক), সঞ্জু স্যামসন, শিবম দুবে, রবীন্দ্র জাদেজা, অক্ষর প্যাটেল, কুলদীপ যাদব, যুজবেন্দ্রা চাহাল, আর্শদীপ সিং, জসপ্রিত বুমরাহ, মোহাম্মদ সিরাজ।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার সময় দামুড়হুদা ফুটবল সংগঠকদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনির্বাচিত দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নতিপোতা হাই স্কুলের প্রধান শিক্ষক ও নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের ম্যানেজার শহিদ আজম সদু, সাবেক ইউপি সদস্য আবুল হাসেম, সাবেক ইউপি সদস্য ইকরামুল, সাবেক খেলোয়াড় জাকির হোসেন, দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাবের সভাপতি নিপুণ, ফয়সাল সহ বিভিন্ন আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করেন দামুড়হুদা ফুটবল একাদশ বনাম দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাব। খেলায় দামুড়হুদা ফুটবল একাদশ ২ এবং দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাব ১ গোল করে।

উদ্বোধনী ম্যাচে দামুড়হুদা ফুটবল একাদশ জয়লাভ করে। আজ একই মাঠে একই সময়ে অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের দ্বিতীয় খেলা। আগামী শনিবার অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের ফাইনাল খেলা। দামুড়হুদা ফুটবল একাদশ টিমের খেলার সার্বিক নেতৃত্ব প্রদান করেন টিম ম্যানেজার শহীদ আজম

রাত পেরোলেই পর্দা উঠছে কোপা আমেরিকার

চলতি মাসের শুরু থেকেই চলছে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসর তার মধ্যে কয়েক দিন আগে শুরু হয়েছে ফিফা বিশ্বকাপের পর ফুটবলের সবচেয়ে বড় মহরণ ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ অথবা ইউরো কাপ। এতে করে ক্রীড়াপ্রেমীরা খুব ব্যস্ত সময়ই পার করছে। এর মধ্যেই আগামীকাল ভোর থেকে শুরু হতে যাচ্ছে লাতিন ফুটবলের সবচেয়ে বড় আসর কোপা আমেরিকা।

বিশ্বের সবচেয়ে জনপ্রিয় খেলা ফুটবল। এই কথার সঙ্গে দ্বিমত করার কোনো অবকাশ নেই। অনেকের কাছে ফুটবল শুধু একটি খেলাই নয়, এটির সঙ্গে জড়িয়ে আছে আবেগ-অনুভূতি। প্রিয় দল জিতলে যেমন উল্লাসে মেতে উঠে তেমনিভাবে প্রিয় দল হারলে চোখ থেকে বেয়ে পড়ে বেদনার অশ্রু। বৈশ্বিক টুর্নামেন্ট আসলে ফুটবল নিয়ে সমর্থকদের মধ্যে উন্মাদনার রেশ ছড়িয়ে পড়ে কয়েক গুণ। প্রিয় দলের জার্সি গায়ে, অনেকে বাড়ির আঙিনায় টানান প্রিয় দলের পতাকা। টং দোকানের চায়ের আড্ডা থেকে শুরু করে কর্মক্ষেত্র, সবখানে হয় ফুটবল কেন্দ্রিক আলোচনা।

চলছে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ ইউরো। এর মধ্যে আগামীকাল সকালে পর্দা উঠতে যাচ্ছে দক্ষিণ আমেরিকার ফুটবলের সবচেয়ে বড় আসর কোপা আমেরিকা। অনেকের মতো ফিফা বিশ্বকাপের মতো এই টুর্নামেন্টের অবস্থান। তাই তো ফুটবল ভক্তরাও চাতক পাখির মতো মুখিয়ে থাকে এই টুর্নামেন্টের জন্য। কেননা এই টুর্নামেন্টের সবচেয়ে দেখা যায় ফুটবলের সবচেয়ে বড় দুই প্রতিদ্বন্দ্বী ব্রাজিল-আর্জেন্টিনাকে। ইউরোপ-আমেরিকার মতো এই বঙ্গ দেশে ছড়িয়ে পড়ে সেই রেশ। কিছু-কিছু ক্ষেত্রে তো ইউরোপ-আমেরিকা থেকে প্রিয় দলকে নিয়ে বেশি উচ্ছ্বাসে মাতেন লাল-সবুজের এই দেশের মানুষরা। গেল কাতার বিশ্বকাপেও নতুন করে যা জেনেছে গোটা বিশ্ব।

এবারের কোপা আমেরিকার আয়োজক দেশ মার্কিন যুক্তরাষ্ট্র। যা এই

টুর্নামেন্টের ৪৮তম আসর। এই নিয়ে দ্বিতীয় বারের মতো কোপা আয়োজন করবে দেশটি। প্রথম বারের মতো ২০১৬ সালে কোপা আয়োজন করে দেশটি। উদ্বোধনী ম্যাচে বাংলাদেশ সময় আগামীকাল ভোর ৬টায় মাঠে নামবে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা ও কানাডা। ম্যাচটি আটলান্টার মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। শক্তি ও অভিজ্ঞতার দিক নিয়ে কানাডার চেয়ে যোজন যোজন এগিয়ে বর্তমান বিশ্ব চ্যাম্পিয়নরা। যদিও এখন পর্যন্ত আন্তর্জাতিক ম্যাচে একবারই মুখোমুখি হয়েছে এই দুই দল। তাও সেটা এক যুগের বেশি সময় আগে, ২০১০ সালে। সে ম্যাচে কানাডাকে ৫-০ গোলের বড় ব্যবধানে হারায় বর্তমান চ্যাম্পিয়নরা। তাই বলাই যায় এই ম্যাচের কানাডাকে নিয়ে ছেলেখেলা করতে পারেন স্কালোনির শিষ্যরা।

১৯১৬ সালে প্রথম বারের মতো অনুষ্ঠিত হয় দক্ষিণ আমেরিকা শ্রেষ্ঠের এই লড়াই। সেবার আসরটি আয়োজন করে আর্জেন্টিনা। ঐ আসরে স্বাগতিকদের ফাইনালে হারিয়ে শিরোপা জিতে উরুগুয়ে। ১০৮ বছর ধরে অনুষ্ঠিত হয়ে আসা এই টুর্নামেন্টে যৌথভাবে সবচেয়ে বেশি শিরোপা জিতেছে আর্জেন্টিনা ও উরুগুয়ে। এই দুই দলের শিরোপার সংখ্যা ১৫টি করে। এছাড়াও কোপা আমেরিকার বর্তমান চ্যাম্পিয়নও আর্জেন্টিনা। ২০২১ সালে ফাইনালে ব্রাজিলকে হারিয়ে শিরোপা দীর্ঘ ২৮ বছর পর কোনো আন্তর্জাতিক শিরোপা জিতেছিল আলবিসেলেস্তারা। সেইসঙ্গে এবারের আসরেও শিরোপার অন্যতম দাবিদার মেসি বাহিনী।

অন্যদিকে গেল আসরে ভুলগুলো থেকে শিক্ষা নিয়ে আরও পরিণত হয়ে মার্কিন মুল্লুকে পা রাখেন গেল আসরের রানার আপ ব্রাজিল। তাদের বর্তমান পারফরম্যান্সের দিকে নজর বোলালে দেখা যায় সেই চিত্র। এছাড়াও চিলি, উরুগুয়ে, পেরু, মেক্সিকোও ছেড়ে কথা বলবে না কাউকে। এছাড়াও এবারের আসরে চারটি গ্রুপে ভাগ হয়ে লড়াই করবেন মোট ১৬টি দল। প্রতিটা গ্রুপের শীর্ষে থাকা দুই দল খেলবে সেরা আটে। কোয়ার্টার ফাইনালে বিজয়ী চার দল খেলবে সেমিফাইনালে। এছাড়াও আগামী ১৫ জুলাই ফাইলের মধ্যে দিয়ে পর্দা নামবে কোপা আমেরিকার ৪৮তম আসরের।

এ-গ্রুপ: আর্জেন্টিনা, কানাডা, চিলি, পেরু

বি-গ্রুপ: ইকুয়েডর, মেক্সিকো, জ্যামাইকা, ভেনিজুয়েলা

সি-গ্রুপ: যুক্তরাষ্ট্র, পানামা, উরুগুয়ে, বলিভিয়া

ডি-গ্রুপ: ব্রাজিল, প্যারাগুয়ে, কোস্টারিকা, কলম্বিয়া

সূত্র: ইত্তেফাক

ভালো খেলেও বিদায় নিলেন স্কটল্যান্ড

দুর্ভাগ্য স্কটল্যান্ড ক্রিকেট দলের। অস্ট্রেলিয়ার বিপক্ষে ১৮০ রানের চ্যালেঞ্জিং স্কোর গড়েও হেরে গেল। স্কটিশদের এই পরাজয়ে কপাল খুলে গেল ইংল্যান্ডের। স্কটল্যান্ডের মতো সমান ৫ পয়েন্ট করে নিয়েও রান রেটে এগিয় থাকায় সুপার এইটে চলে যায় ব্রিটিশরা।

রোববার ওয়েস্ট ইন্ডিজের বিশ্বকাপজয়ী সাবেক অধিনায়ক ড্যারেন স্যামি স্টেডিয়ামে আগে ব্যাট করে ৫ উইকেটে ১৮০ রান করে স্কটল্যান্ড। টার্গেট তাড়া করতে নেমে ট্রাভিস হেড ও মার্কাস স্টয়নিসের ব্যাটিং তাণ্ডবে ২ বল হাতে রেখেই ৫ উইকেটের দাপুটে জয় পায় অস্ট্রেলিয়া।

অস্ট্রেলিয়ার এই জয়ে কপাল খুলে যায় ইংল্যান্ডের। তারা অস্ট্রেলিয়ার সঙ্গে ‘বি’ গ্রুপ থেকে সুপার এইটে উঠে যায়।

এদিন খেলা শেষে স্কটল্যান্ডের অধিনায়ক রিচি ব্রিংটন হতাশা প্রকাশ করে বলেন, প্রথম ইনিংস শেষে আমরা বেশ ভালো অবস্থানে ছিলাম। দুর্ভাগ্যবশত আমরা শেষের দিকে ভালো বোলিং করতে পারিনি। বল নিয়ে আমাদের শুরুটা খুব ভালো ছিল। কিন্তু সেই ধারাবাহিকতা ধরে রাখতে পারিনি।

তিনি আরও বলেন, এবারের বিশ্বকাপে আমরা আমাদের পারফরম্যান্স নিয়ে খুশি। পুরো টুর্নামেন্টে আমরা সত্যিই কিছু ভালো ক্রিকেট খেলেছি। এটা আমাদের জন্য খুব ভালো শেখার একটা টুর্নামেন্ট ছিল। আমরা যে অবস্থানে ছিলাম সেখান থেকে বিদায় নেওয়াটা কিছুটা হতাশার। আমরা এখানে কোয়াটার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করতে এসেছিলাম, কিন্তু পারিনি।

সূত্র: যুগান্তর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]